Vol.12, No.3 October-December, 2017

মহাত্মা গান্ধী

জীবনানন্দ দাশ

অনেক রাত্রির শেষে তারপর এই পৃথিবীকে
ভালো বলে মনে হয়;—সময়ের অমেয় আঁধারে
জ্যোতির তারণকণা আসে,
গভীর নারীর চেয়ে অধিক গভীরতরভাবে
পৃথিবীর পতিতকে ভালোবাসে, তাই
সকলেরি হৃদয়ের পরে এসে নগ্ন হাত রাখে;
আমরাও আলো পাই—প্রশান্ত অমল অন্ধকার

মনে হয় আমাদের সময়ের রাত্রিকেও।
একদিন আমাদের মর্মরিত এই পৃথিবীর
নক্ষত্রশিশির রোদ ধূলিকণা মানুষের মন
অধিক সহজ ছিল—শ্বেতাশ্বতর যম নচিকেতা বুদ্ধদেবের।
কেমন সফল এক পর্বতের সানুদেশ থেকে
ঈশা এসে কথা ব'লে চ'লে গেল—মনে হ'ল প্রভাতের জল
কমনীয় শুশ্রূষার মত বেগে এসেছে এ পৃথিবীতে মানুষের প্রাণ
আশা ক'রে আছে ব'লে—চায় ব'লে,—
নিরাময় হতে চায় বলে

পৃথিবীর সেই সব সত্য অনুসন্ধানের দিনে
বিশ্বের কারণশিল্পে অপরূপ আভার মতন
আমাদের পৃথিবীর হে আদিম ঊষাপুরুষেরা,
তোমরা দাঁড়িয়েছিলে, মনে আছে, মহাত্মার ঢের দিন আগে;
কোথাও বিজ্ঞান নেই, বেশি নেই, জ্ঞান আছে তবু;
কোথাও দর্শন নেই, বেশি নেই, তবুও নিবিড় অন্তর্ভেদী
দৃষ্টিশক্তি র'য়ে গেছে; মানুষকে মানুষের কাছে
ভালো স্নিগ্ধ আন্তরিক হিত
মানুষের মত এনে দাঁড় করাবার;

তোমাদের সেরকম প্রেম ছিল, বহ্নি ছিল, সফলতা ছিল।
তোমাদের চারপাশে সাম্রাজ্যরাজ্যে কোটি দীন সাধারণ
পীড়িত রক্তাক্ত হ'য়ে টের পেত কোথাও হৃদয়বত্তা নিজে
নক্ষত্রের অনুপম পরিসরে হেমন্তের রাত্রির আকাশ
ভ'রে ফেলে তার পর আত্মঘাতী মানুষের নিকটে নিজের
দয়ার দানের মত একজন মানবীর মহানুভবকে
পাঠাতেছে,—প্রেম শান্তি আলো
এনে দিতে,—মানুষের ভয়াবহ লৌকিক পৃথিবী
ভেদ ক'রে অন্তঃশীলা করুণার প্রসারিত হাতের মতন।

তারপর ঢের দিন কেটে গেছে;
আজকের পৃথিবীর অবদান আরেক রকম হ'য়ে গেছে;
যেই সব বড় বড় মানবেরা আগেকার পৃথিবীতে ছিল
তাদের অন্তর্ধান সবিশেষ সমুজ্জ্বল ছিল, তবু আজ
আমাদের পৃথিবী এখন ঢের বহিরাশ্রয়ী।
যেসব বৃহৎ আত্মিক কাজ অতীতে হ'য়েছে—
সহিষ্ণুতায় ভেবে সে সবের যা দাম তা দিয়ে
তবু আজ মহাত্মা গান্ধীর মত আলোকিত মন
মুমুক্ষার মাধুরীর চেয়ে এই আশ্রিত আহত পৃথিবীর
কল্যাণের ভাবনায় বেশি রত; কেমন কঠিন
ব্যাপক কাজের দিনে নিজেকে নিয়োগ ক'রে রাখে
আলো অন্ধকারে রক্তে—কেমন শান্ত দৃঢ়তায়।
এই অন্ধ বাত্যাহত পৃথিবীকে কোনো দূর স্নিগ্ধ অলৌকিক
তনুবাত শিখরের অপরূপ ঈশ্বরের কাছে
টেনে নিয়ে নয়—ইহলোক মিথ্যা প্রমাণিত ক'রে পরকাল।

Gandhi Smarak Sangrahalaya
14, Riverside Road, Barrackpore, Kolkata-700120
website : www.gandhimuseum.in • e-mail : gandhimuseum.120@gmail.com
Editor : ***Professor Jahar Sen***
Published and Printed by **Pratik Ghosh**, Director-Secretary, Gandhi Smarak Sangrahalaya, Barrackpore Kolkata-700120 and Printed from Satyajug Employees Co-operative Industrial Society Ltd., Kolkata-72
Subscription : ₹ 20.00

GANDHI NEWS
গান্ধী সংবাদ

Vol.12, No.3 October-December, 2017



BULLETIN OF
GANDHI MEMORIAL MUSEUM

Gandhi news
গান্ধী সংবাদ

October- December 2017

Editor : Prof. Jahar Sen

সম্পাদক : জহর সেন

Contribution : Rs. 20/-

বিনিময় : ২০ টাকা

GANDHI NEWS
গান্ধী সংবাদ

অক্টোবর-ডিসেম্বর ২০১৭

সূচিপত্র

1. **Editorial**	:	Arms and Mahatma Gandhi	5
2. **সৈয়দ আবুল মকসুদ**	:	মহাত্মা গান্ধী স্মারক পুরস্কার প্রদান অনুষ্ঠানে অভিভাষণ	7
3. **সমর বাগচী**	:	উন্নয়নের বিকল্প ধারণা—রবীন্দ্রনাথ ও গান্ধী	10
4. **Lloyd I. Rudolph** **Susanne Hoeber Rudolph**	:	The Modernity of Tradition	25
5. **Tapan Kumar Chattopadhyay**	:	Subhas Chandra Bose : His Vision of New India	36
6. **Director-Secretary's Report**	:	Director-Secretary's Report on the Programme and Activities at Gandhi Smarak Sangrahalaya, Barrackpore, from September, 2017 to December, 2017	45

EDITORIAL

Arms and Mahatma Gandhi

In 1928 Gandhi wrote,

> "If there was a national Government while I should not take any direct part in any war, I can conceive of occasions when it would be my duty to vote for the military training of those who wish to take it. For I know that all members do not believe in non-violence to the extent I do. It is not possible to make a person or society non-violent by compulsion."

It should be remembered that Gandhi took part in the Boer War though in a non-combatant role. He raised stretcher bearer companies to serve the British Indian Army in the First World War.

Some interesting features of the transformation of the British Indian Army to Indian Army have been highlighted by K. Subrahmanym in his article 'Arms and the Mahatma: No place for Pacifism in Security' published in *Times of India* (May 8, 1997, p. 10). The Army was 2.7 million-strong. It won stupendous victory over Nazism, Fascism and Japanese militarism. India was not yet an independent country. But the victory of the Army led to India becoming a founder-member of the United Nations. K. Subrahmanym writes, "The Indian National Army fighting against the British and the rising resentment in the British Indian forces were significant factors in persuading the British that the time had come to transfer power and leave India."

Subrahmanym refers to the memoirs of Major-General A. A. Rudra as recorded by Major-General D. K. Palit. Both General Rudra and Field-Marshal Cariappa graduated from Indore Cadet College in 1920.

General Rudra was the son of Principal Rudra of St. Stephen's College. C. F. Andrews was the Vice-Principal of this college. Principal Rudra sent Andrews to South Africa to bring Gandhi back to India. Gandhi stayed with the Rudra-family for nine years. General Rudra developed intimate relationship with Gandhi. As the freedom movement in India attained its peak, General Rudra sought Gandhi's advice on whether he should resign from the Army and join the national movement.

Gandhi replied;

> ''We are a poor, uneducated unarmed people—we can never fight the British. But I do not despair. I know my Englishman. He will deal with us honourably. When the time is ripe and if our cause is a righteous one and if our country is ready for it he will give us freedom on a platter. And, then Ajit, when we are free country, we shall have to have an Army."



In 1944 Field-Marshal Auchinleck, Commander-in-Chief of India, issued instructions to all senior commanders of the Army to meet Gandhi. Moved by General Rudra's earnest request. General Sir Arthus Smith of the Eastern Command met Gandhi. Gandhi's views on various issues impressed Sir Arther Smith.

General Rudra and Field-Marshal Auchinleck were close friends. During Second World War, Rudra's service was required for countering the mischievous Japanese propaganda. General Rudra convinced Bhulabai Desai that the latter should undertake the devence of the INA officers. In 1947 he became the Military Secretary and was the adviser to both Auchinleck and Baldev Singh, the Defence Minister. The first paper on the threats to security of India and containing recommendations about dealing with them was prepared by the chiefs of staff in independent India. Prime Minister Nehru was then dealing with the defence policy of India. General Sir Robert Lokhart took this paper to Prime Minister Nehru. Nehru shouted, "Rubbish total Rubbish. We don't need a defence plan. Our policy is non-violence. We foresee no military threats. Scrap the Army. The police are good enough to meet our security needs." K. Subhrahmanym writes, "According to Rudra, the Pakistani invasion of Kashmir saved the Indian Army."

In December 1947 Cariappa asked Gandhi,

> "I cannot do my duty to the country well if I concentrate only on telling troops of non-violence all the time subordinating their main task of preparing themselves efficiently to be good soldiers. So, I ask you, please to give me the 'child's guide to knowledge—tell me please how I can put this over the spirit of non-violence to the troops, without endangering their sense of duty to train themselves well professionally as soldiers."

Gandhi replied,

> "You have asked me in a tangible and concrete form how you can put over to the troops the need for non-violence. I am still groping in the for the answer. I will find it and give it to you some day."

In 1947, Gandhi spoke against sending Indian Army to Kashmir. On September 26, 1947, he argued if there was no other way of securing justice from Pakistan, war would be the only alternative left to the Government of India. But war was no joke that way laid destruction. But he would never advise anyone to put up with injustice. If all the Hindus were annihilated for a just cause: he would not mind it. True his own way was different; he worshipped God which was Truth and Non-violence.

But Gandhi reminded us that he was not the Government.

Jahar Sen

মহাত্মা গান্ধী স্মারক পুরস্কার প্রদান অনুষ্ঠানে অভিভাষণ

সৈয়দ আবুল মকসুদ*

গান্ধী স্মারক সংগ্রহালয় বারাকপুরে আমি অনেক আগে এসেছি আমার গান্ধী বিষয়ক গবেষণার কাজে, যেমন গিয়েছি ভারতের বিভিন্ন গান্ধী প্রতিষ্ঠানে। আমার জানা ছিল না যে এই প্রতিষ্ঠান গান্ধী স্মারক পুরস্কার দিয়ে থাকে। অনেক বছর গান্ধী স্মারক সংগ্রহালয়ের সঙ্গে আমার কোন যোগাযোগ ছিল না। হঠাৎ যখন শ্রী প্রতীক ঘোষ মহোদয় এক চিঠি দিয়ে জানান যে, ২০১৭-১৮তে মহাত্মা গান্ধী স্মারক পুরস্কার আমাকে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে—অনেকটাই অবাক হই। অবাক হই এই জন্য যে, এই প্রতিষ্ঠানের কারোর সঙ্গে আমার পরিচয় নেই, কোনোভাবেও আমার যোগাযোগ নেই। তা সত্ত্বেও আপনারা আমাকে মনোনীত করেছেন গান্ধী বিষয়ে আমার সামান্য কাজের স্বীকৃতি স্বরূপ।

যে পুরস্কার মহাত্মা গান্ধীর নামাঙ্কিত, তার অর্থমূল্য কতটা তা আমার কাছে কিছুমাত্র বিবেচনার বিষয় নয়। এই পুরস্কার আমার কাছে এক বিরল সম্মান। দশ লক্ষ টাকার পুরস্কারের চেয়ে এই পুরস্কারের মূল্য আমার কাছে অনেক বেশি। আমি আমার সাহিত্যকর্ম ও সামাজিক কাজের জন্য বড় অর্থ অঙ্কের পুরস্কার আগেও পেয়েছি। সেসব পুরস্কারের চেয়ে এই পুরস্কারের গৌরব আমার কাছে বেশি। আমি আপনাদের কাছে গভীরভাবে কৃতজ্ঞ।

গান্ধীর রাজনীতির সাফল্য-ব্যর্থতা এখন আর আমাদের কাছে বিবেচনার বিষয় নয়। ইতিহাস ও রাজনীতি বিষয়ক লেখক-গবেষকেরা তা বিচার-বিশ্লেষণ করবেন। রাজনীতির ঊর্ধ্বে উঠে মানুষের জন্য তিনি যে আদর্শ রেখে গেছেন তার গুরুত্ব সীমাহীন। যে পৃথিবীতে আমরা বাস করছি সেখানে তাঁর নীতি-আদর্শ অনুশীলনের প্রয়োজনীয়তা যতই দিন যাচ্ছে ততই বেশি মাত্রায় দেখা যাচ্ছে। অতীতের মহামানুষদের শ্রদ্ধা জানানোই কর্তব্য, কিন্তু মোহনদাস করমচাঁদ গান্ধী সেই মানুষ, যাঁকে প্রথাগত শ্রদ্ধা জানিয়ে উঁচুতে বসিয়ে রাখলে আমাদের দায়িত্ব পালন শেষ হবে না—মহাত্মা গান্ধীকে আমাদের স্বার্থেই আমাদের প্রয়োজন।

ধর্মীয় সাম্প্রদায়িকতার বিরুদ্ধে গান্ধীজী আমৃত্যু লড়াই করেছেন। কিন্তু আজ উপমহাদেশে তো বটেই বিশ্বব্যাপী ধর্মীয় উগ্রবাদ অতীতের যে কোন সময়ের চেয়ে বেশি প্রকট। বহুদিন যাবৎ আল্‌কায়দা, তালেবান প্রভৃতি ইসলামি জঙ্গী সংগঠন বিভিন্ন দেশে নারকীয় তাণ্ডব চালিয়ে যাচ্ছে। অগণিত নিরীহ মানুষের প্রাণ গেছে তাদের হাতে। শুধু আফগানিস্তান বা পাকিস্তান নয়, ভারত ও বাংলাদেশেও ঐসব সংগঠন গোপনে বা প্রকাশ্যে ইসলামের নামে বিষ ছড়াচ্ছে। শুধু এই দুটিই নয়, নানা নামে বহু জঙ্গী সংগঠন এখন সক্রিয়। নাইজিরিয়ার বোকো হারাম শুধু সে-দেশের মেয়েদেরই নয়, সব মানুষের জীবন দুর্বিষহ করে তুলেছে। আল্‌কায়দা, তালেবান, আল্‌শারাব্, বোকো

** প্রতিষ্ঠাতা ও সভাপতি, মহাত্মা গান্ধী স্মারক সদন, ঢাকা, বাংলাদেশ।*
২রা অক্টোবর, ২০১৭-তে গান্ধী স্মারক সংগ্রহালয়, বারাকপুর দ্বারা প্রদত্ত বিংশতম মহাত্মা গান্ধী স্মৃতি স্মারক পুরস্কার প্রাপক।

হারাম প্রভৃতি বিশ্বশান্তির পথে এক একটি বিষাক্ত কাঁটা।

কয়েক সপ্তাহ আগে ভারত-চীন দোকলাম সীমান্তে যে উত্তেজনা দেখা দেয় তা দক্ষিণ এশিয়ার শান্তিপ্রিয় মানুষকে আতঙ্কিত করে। পৃথিবীতে আজ এক মূর্তিমান আতঙ্কের নাম আই এস বা ইসলামিক স্টেট। তাদের নির্মূলের নামে আমেরিকা ও তার সহযোগীরা যা করছে তাতে কোটি কোটি মানুষের জীবন বিপন্ন। আত্মরক্ষার্থে মানুষ এক দেশ থেকে আর এক অজানা দেশে পালিয়ে যাচ্ছে। আজ বিশ্বের শরণার্থী অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি। পশ্চিমের ভ্রান্ত নীতির কারণেই অনেক সমস্যার সৃষ্টি, কিন্তু সেই পশ্চিমী ধনী দেশগুলো শরণার্থীদের আশ্রয় দিতে চাইছে না। পশ্চিমে শরণার্থীবিরোধী জনমত প্রবল। উগ্র খ্রীষ্টান মৌলবাদী শক্তির উত্থান ঘটেছে ইউরোপে। গত কয়েক বছরে লাখ লাখ মানুষ শরণার্থী হতে গিয়ে প্রাণ হারিয়েছে। যারা বেঁচে আছে তাদের জীবনে দুর্দশার অন্ত নেই। লাখ লাখ শিশু অনাহারে, অপুষ্টিতে ও অস্বাস্থ্যকর পরিবেশে শরণার্থী শিবিরে অথবা পথেঘাটে মারা যাচ্ছে। সবই হচ্ছে হিংসার কারণে।

গান্ধীজীর সময় উপমহাদেশের ও পৃথিবীর রাজনৈতিক ও অর্থনৈতিক অবস্থা যেমনটি ছিল আজ তার আমূল পরিবর্তন ঘটেছে। তাঁর অনেক নীতি ও কর্মসূচি এখন আর প্রাসঙ্গিক নয়। খাদি প্রচার করে গ্রামীণ দারিদ্রও দূর করা যাবে না, জাতীয় অর্থনীতিরও উন্নতি ঘটানো সম্ভব নয়। ভারি শিল্প-কলকারখানার বিকল্প নেই। জনসংখ্যা বেড়েছে, খাদি দিয়ে মানুষের বস্ত্রের প্রয়োজন মেটানো সম্ভব নয়। সম্ভব তখনও ছিল না, কিন্তু হাতে সুতো কেটে বস্ত্র তৈরি তখন ছিল একটি প্রতিবাদী আদর্শের দৃষ্টান্ত। সুতরাং তার মূল্য ছিল। জাতীয়তাবাদী রাজনীতি বিকশিত করতে তার প্রয়োজন ছোট করে দেখা যাবে না। ভারত ও বাংলাদেশের মতো জনবহুল দেশে গ্রামীণ দারিদ্র দূর করতে কুটিরশিল্পের ওপর গান্ধীবাদী পন্থায় গুরুত্ব দেওয়া প্রয়োজন।

যে ভূখণ্ড ছিল গান্ধীজীর রাজনৈতিক কর্মক্ষেত্র, তিনি প্রচার করেছেন শান্তি ও সম্প্রীতির বাণী, সেই ভারত ও পাকিস্তান আণবিক বোমা বানানোর ক্ষমতা রাখে। তবে দুই দেশই এক্ষেত্রে সংযমের পরিচয় দিচ্ছে। কিন্তু এশিয়ার আর একটি দেশ—উত্তর কোরিয়া—পারমাণবিক বোমা নিয়ে দায়িত্বজ্ঞানহীনতা শুধু নয়, পাগলামি শুরু করেছে। গত কিছুকাল যাবৎ দক্ষিণ কোরিয়া এবং মার্কিন যুক্তরাষ্ট্র এমন বাক্য বিনিময় করছে যা পৃথিবীর শান্তিপ্রিয় মানুষদের উদ্বিগ্ন করছে। উত্তর কোরিয়া বারবার ক্ষেপণাস্ত্র পরীক্ষা করছে ও আন্তর্জাতিক নিন্দা ও প্রতিবাদের মধ্যেও প্রশান্ত মহাসাগরে ছয়বার পারমাণবিক পরীক্ষা করেছে।

মানুষের হিংসা ও নৃশংসতার নানাভাবে প্রকাশ ঘটছে যা অতীতে মানুষ ভাবতেও পারেনি। সন্ত্রাসবাদীদের আগ্নেয় অস্ত্রেরও প্রয়োজন হয় না। জনসমাবেশে অজানা অচেনা নিরপরাধ মানুষের ওপর যানবাহন উঠিয়ে দিয়ে হত্যা করা হচ্ছে শিশু, নারী ও বৃদ্ধ-বৃদ্ধাকে পর্যন্ত।

হিংসার বহিঃপ্রকাশ ঘটছে সব ধর্মের ও সব সম্প্রদায়ের মানুষের মধ্যে। ইউরোপে খ্রীষ্টান মৌলবাদের এক কথা বলছি—নরওয়েতে কয়েক বছর আগে এক বন্দুকধারীর নির্বিচার গুলিতে ষাট-সত্তরজন স্কুলের শিক্ষার্থী নিহত হয়। তাকে প্রথম মানসিক ব্যাধিগ্রস্ত বলা হলেও পরে দেখা গেল সে খুব সচেতনভাবেই হিংসায় উন্মত্ত হয়ে ঐ নরহত্যা সংঘটিত করেছে। আমেরিকায় দু-চারদিন বাদ দিয়েই শিক্ষা প্রতিষ্ঠানে এবং পথে ঘাটে প্রাণ হারাচ্ছে মানুষ অর্থহীন হিংসার বশবর্তী হয়ে। ইউরোপের বিভিন্ন দেশে গত কয়েক বছরে বেশ কিছু বীভৎস সন্ত্রাসী ঘটনা ঘটেছে। বছরখানেক আগে বাংলাদেশের একটি রেস্তোরায় ইসলামি জঙ্গীদের নারকীয় তাণ্ডবে নিহত হন জনা বিশেক মানুষ, যাদের অধিকাংশ জাপানি ও ইতালীয় এবং একজন ভারতীয় তরুণী। আমরা কেউই এখন আর হিংসামুক্ত পৃথিবীতে বাস করছি না।

অধিকাংশ রাষ্ট্র এখন উপনিবেশিক আমলের চেয়ে কম কর্তৃত্বপরায়ণ ও স্বৈরাচারী নয়। দক্ষিণ এশিয়ার সবগুলো রাষ্ট্র এখন মহাত্মা গান্ধীর সময়ের চেয়ে অনেক বেশি দুর্নীতিগ্রস্ত। অনেক রাষ্ট্রে আইনের শাসন আগের চেয়ে ভালো তা বলা যাবে না। সমাজের দুর্বল মানুষটি আগের চেয়ে সুবিচার পাচ্ছে অথবা রাষ্ট্রের আইন আদালত থেকে উপকার পাচ্ছে তা নয়। মানবাধিকার লঙ্ঘনের ঘটনা অতীতের চেয়ে কম তা বলা যাবে না।

নারীর প্রতি গান্ধীজী সংবেদনশীল ছিলেন। নারীর অগ্রগতি হয়েছে, ক্ষমতায়নও হয়েছে, কিন্তু আজ নারী আগের চেয়ে বেশি যৌননির্যাতনের শিকার। জীবনের প্রতিটি ক্ষেত্রে নারীর অংশগ্রহণ হলেও সে তার প্রত্যেকটি কর্মক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিপীড়িত হচ্ছে। নারীর অসম্মান গান্ধীজী সইতে পারতেন না। সাংঘাতিক অমানবিকতা ও পৈশাচিকতার মধ্যে মানুষ অহিংস থাকতে পারে বা থাকা উচিত কিনা—এমন প্রশ্নের জবাবে গান্ধীজী বলেছেন, অহিংসা মানে কাপুরুষতা নয়। ভীরু কখনো অহিংস হতে পারে না। তিনি বলেছেন, কাপুরুষতার চেয়ে বরং হিংসা ভালো। যদি অহিংস পন্থায় নারীর ইজ্জত রক্ষা সম্ভব না হয় তাহলে বল প্রয়োগ করে হলেও তার সম্ভ্রম রক্ষা করতে হবে, কাপুরুষের মতো পালানো যাবে না।

দীর্ঘদিন যাবৎ বার্মার সামরিক শাসকেরা বিভিন্ন সংখ্যালঘু জাতিগোষ্ঠীর ওপর অবর্ণনীয় নির্যাতন, নিপীড়ন চালিয়ে আসছে। আইনের শাসন ও মানবিকতা বলতে সে-দেশে কিছু নেই। সেখানে বৌদ্ধ মৌলবাদের ভয়াবহ উত্থান ঘটেছে। শত শত বছর ধরে বসবাসকারী মায়ানমারের আরাকান রাজ্যের রোহিঙ্গা হিন্দু ও মুসলমান বাংলাভাষীদের নাগরিকত্ব হরণ করেছে সামরিক সরকার, যা আন্তর্জাতিক আইনের বরখেলাপ। রোহিঙ্গারা বাংলাদেশ, ভারত, মালয়শিয়া প্রভৃতি দেশে বিতাড়িত হয়ে শরণার্থী হিসেবে আশ্রয় নিয়েছে। বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থীর সংখ্যা আগেই ছিল চার লাখ। গত এক মাসে তাদের সঙ্গে যোগ দিয়েছে প্রায় পাঁচ লাখ, যাদের অধিকাংশই শিশু ও নারী। এই রাষ্ট্রীয় হিংসার শেষ কোথায়? বাংলাদেশ যেকোন বিরোধ ও সংঘাত নিষ্পত্তি করতে চায় সংলাপের মাধ্যমে, শান্তিপূর্ণ উপায়ে। সেটাকেই আমরা বলতে পারি গান্ধী প্রদর্শিত পথ।

পরিবেশ বিপর্যয়ের কারণে বর্তমানে মানবসমাজ হুমকির সম্মুখীন। আজ পরিবেশবাদীরা বিশ্বব্যাপী সোচ্চার এবং নানাভাবে কাজ করছেন। বাংলাদেশে আমিও পরিবেশ নিয়ে কাজ করি। পরিবেশের বিষয়টি গান্ধীজী ভেবেছেন এখন থেকে বহু আগে।

গান্ধী দর্শন অপচয় ও দুনীতিকে সমর্থন করে না। এই অঞ্চলের অনেক দেশেই অর্থনৈতিক উন্নতি ঘটেছে, সেই তুলনায় অপচয় ও দুর্নীতি বেড়েছে অসহনীয় মাত্রায়। গান্ধী যে সত্যের কথা বলেছেন তার অনুশীলন করলে দুর্নীতি রোধ করা সম্ভব।

মহাত্মা গান্ধী শুধু একজন রাজনৈতিক নেতা নন, তিনি একজন মহান শিক্ষক—জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সবার শিক্ষক। তাহলে সকলকেই কি গান্ধীবাদী হতে হবে? না, তা নয়। তার অহিংসা ও সত্যের আদর্শ অনুসরণের জন্য গান্ধীবাদী হওয়ার আবশ্যকতা নেই। মানুষকে মনুষ্যত্বের চর্চা করতে হবে। আমরা যখন যুদ্ধের বিরুদ্ধে ও শান্তির কথা বলব, তা হবে গান্ধীবাদের চর্চা। আমরা যখন সাম্প্রদায়িকতার বিরুদ্ধে সম্প্রীতির কথা বলব তা হবে গান্ধীবাদী দর্শনের অনুশীলন। আমরা যখন অন্যায়, অবিচার ও দুর্বলের প্রতি অত্যাচারের বিরুদ্ধে দাঁড়াবো, দুর্নীতিমুক্ত সমাজ চাইব তা হবে গান্ধীর নৈতিক শিক্ষার প্রয়োগ। সুতরাং বর্তমান পৃথিবীতে মহাত্মা গান্ধীর ভূমিকা একজন মহান পথপ্রদর্শকের। আমি তাঁর ১৪৮তম জন্মদিনে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করি।

বারাকপুর,
২ অক্টোবর, ২০১৭

উন্নয়নের বিকল্প ধারণা—রবীন্দ্রনাথ ও গান্ধী

সমর বাগচী





পৃথিবী আজ এক যুগ-সংকটে। আমেরিকার স্ট্যানফোরড, প্রিন্সটন ও বারকলের বিজ্ঞানীরা সম্প্রতি জানাচ্ছেন যে, পৃথিবীতে ষষ্ঠ গণবিলুপ্তি আসছে এবং যে প্রজাতি প্রথম পৃথিবী থেকে বিলুপ্ত হবে তা হচ্ছে মনুষ্য প্রজাতি। কয়েক বছর আগে প্রয়াত ড. ফ্র্যাঙ্ক ফেনার, অস্ট্রেলিয়ার প্রসিদ্ধ অণুজীব বিজ্ঞানী, মারা যাবার আগে বিবৃতি দেন যে, মনুষ্য প্রজাতি ১০০ বছরের মধ্যে বিলুপ্ত হয়ে যাবে। এর দুটো কারণ তিনি বলেন : জলবায়ু পরিবর্তন এবং জনসংখ্যা বৃদ্ধি। আমি প্রথমটার সঙ্গে একমত। কিন্তু দ্বিতীয়টার সঙ্গে নয়। কেন তা পরে বলব। সম্প্রতি বিখ্যাত বিজ্ঞানী স্টিফেন হকিং বিবৃতি দিয়েছেন যে, "আমরা শেষ পর্যায়ে এসে গেছি যখন বিশ্বতাপ বৃদ্ধি অপরিবর্তনীয়। ট্রাম্পের কাজ পৃথিবীকে ধ্বংসের কিনারায় নিয়ে যাবে যখন পৃথিবীর তাপমাত্রা শুক্রগ্রহের মত ২৫০ ডিগ্রি সেলসিয়াস হবে এবং সালফিউরিক অ্যাসিড বৃষ্টি হবে। আমাদের সামনে জলবায়ু পরিবর্তন হচ্ছে সবচেয়ে বড় বিপদ। আমরা যদি এখনই ব্যবস্থা নিই তাহলে তাকে রুখতে পারব।"

কবিরা অনেকদিন আগেই বুঝতে পেরেছিলেন যে এই অবস্থা আসছে। রবীন্দ্রনাথ মারা যাবার বছরে, ১৯৪১ সালে, 'সভ্যতার সংকট' লিখছেন। বলছেন, "জীবনের প্রথম আরম্ভে সমস্ত মন থেকে বিশ্বাস করেছিলুম ইওরোপের অন্তরের সম্পদ এই সভ্যতার দাক্ষে। আর আজ আমার বিদায়ের দিনে সেই বিশ্বাস একেবারে দেউলিয়া হয়ে গেল।" ১৯৪০ সালে কবি অমিয় চক্রবর্তীকে, তিনি তখন আমেরিকায় পড়াচ্ছেন, চিঠিতে লিখছেন, "ব্রাহ্মণের মস্তিষ্ক, ক্ষত্রিয়র শক্তি এবং শূদ্রের কাজের মধ্যে দিয়ে আজকের ব্যবসায়ী মনোবৃত্তির ইউরোপকে আজ আর ঠেকানো যাচ্ছেনা। কিন্তু, আমি দেখতে পাচ্ছি যে তাদের পা একটা আনত তলে ধ্বংসের মুখে।" পশ্চিমের কবি ডব্লিউ বি ইয়েটস্‌, যিনি লন্ডনে শিল্পী উইলিওম রদেনস্টাইনের রবীন্দ্রনাথের কবিতা পড়েছিলেন এবং ইংরাজি গীতাঞ্জলির মুখবন্ধ লিখেছিলেন— লিখছেন, "Things fall apart / Center cannot hold / Mere anarchy is loosed upon the world / Blood-dimmed tide is loosed / Ceremony of innocence is drowned / The best lack all conviction / And the worst are full of passionate intensity"। আর কবি জীবনানন্দ লিখছেন, "অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ / যারা অন্ধ সবচেয়ে

২রা অক্টোবর, ২০১৭-তে গান্ধী স্মারক সংগ্রহালয়, বারাকপুর-এ প্রদত্ত ঊনবিংসতম গান্ধী স্মারক বক্তৃতা।

বেশি আজ চোখে দেখে তারা / যাদের হৃদয়ে প্রেম নেই—প্রীতি নেই করুণার আলোড়ন নেই / পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া / যাদের গভীর আস্থা আছে মানুষের প্রতি / এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয় / মহৎ সত্য বা রীতি / কিম্বা শিল্প কিম্বা সাধনা / শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়”।

দার্শনিক ও প্রজ্ঞাবান মানুষরা সাবধান করেছিলেন মানুষকে। নিউটনের চেয়ে ২১ বছরের বড়, ১৬২১-এ জন্ম, ব্লেইজ পাস্কাল, দার্শনিক ও গণিতবিদ, লিখছেন, “প্রকৃতির বিরাট জালে মনুষ্য প্রজাতি কেবল একটি খুবই ছোট যোগসূত্র, কিন্তু মানুষই কেবল একটি প্রজাতি যে তার চিন্তা দিয়ে প্রকৃতিকে বুঝতে পারে; সেই একমাত্র প্রজাতি পৃথিবীর জন্য দায়ী এবং পৃথিবীকে বদলে ভালও করতে পারে কিম্বা খারাপও করতে পারে।” আজ যখন পৃথিবীর দিকে তাকাই তখন দেখি যে প্রকৃতি ও সমাজ ভেঙে পড়ছে। প্রথমে প্রকৃতির কি অবস্থা তার আলোচনা করি।

প্রকৃতির অবক্ষয়

প্রকৃতির যে সমস্ত সংকট আজ পৃথিবীকে ধ্বংসের কিনারায় এনে ফেলেছে সেগুলি হল : বিশ্বতাপবৃদ্ধি জনিত জলবায়ুর পরিবর্তন; হিমবাহ ও সুমেরুর বরফের গলে যাওয়া; কুমেরুর বরফের স্তূপের ভেঙে পড়া; তাপলবণীয় সংবহনের (thermohaline circulation) স্তিমিত হওয়া; অরণ্যের অপসারণ; জীববৈচিত্র্যের ক্ষয়; মাটির ক্ষয়; মরুভূমিকরণ; জল সংকট; সামুদ্রিক দূষণ; বায়ু ও জল দূষণ; বর্জ্যের পাহাড়।

উপরের বিভিন্ন সমস্যার ওপর আলোচনার জন্য আলাদা আলাদা প্রবন্ধ প্রয়োজন। আমি শুধু দুয়েকটি বিষয়ে আলোচনা করব।

বিশ্বতাপ বৃদ্ধি ও জলবায়ুর পরিবর্তন

NASA-র গডারড ইন্সটিটিউট অফ স্পেস স্টাডিসের প্রাক্তন অধ্যক্ষ ছিলেন জেমস হ্যানসেন। তিনি একজন পৃথিবীবিখ্যাত জলবায়ু বিজ্ঞানী। তিনি কিছুদিন আগে জানিয়েছেন যে আমাদের আছে "at most ten years, not ten years to decide upon action but ten years to prevent such disastrous outcomes becoming inevitable." হ্যানসেন তাঁর 'The threat to the planet' নামে প্রবন্ধে আরো জানিয়েছেন যে, বিশ্বতাপ বৃদ্ধির ফলে সারা পৃথিবী জুড়ে প্রাণী ও উদ্ভিদ প্রজাতি দেশান্তরী হচ্ছে। আলপাইন প্রজাতিরা এই গ্রহ থেকেই বিতাড়িত হচ্ছে। আগেই ষষ্ঠ গণবিলুপ্তির কথা বলা হয়েছে।

সুমেরুর ও গ্রিনল্যান্ডের বরফ গলে যাচ্ছে। ওই বরফের নিচে জমা আছে মিথেন যা CO_2-এর চেয়ে ২০ গুণ বেশি গ্রিন হাউস গ্যাস। ঐ মিথেন বেরিয়ে এলে বিশ্বতাপ বৃদ্ধি বিরাট বেড়ে যাবে। এছাড়া, বরফ সূর্যরশ্মিকে প্রতিফলিত করে। তাকে Albedo বলে। Albedo বন্ধ হয়ে গেলে বিশ্বতাপ বৃদ্ধি ত্বরান্বিত হবে। গত ৫ লক্ষ বছরের মধ্যে যে আন্তরহিমযুগ এসেছে সে সময়ে সবচেয়ে বেশি তাপমাত্রা যা উঠেছে তার থেকে আজকে পৃথিবীর তাপমাত্রায় পার্থক্য মাত্র ১ ডিগ্রী সেলসিয়াস। আন্তর হিমযুগে সমুদ্রতল ১৬ ফুট উঁচু হয়েছিল। যেভাবে পৃথিবী চলছে সেভাবেই যদি পৃথিবী চলে তাহলে এই শতাব্দীতে পৃথিবীর গড় তাপমাত্রা ৮ ডিগ্রি হওয়ার সম্ভাবনা। এর ফলে সমুদ্রতল ৮০ ফুট উঁচু হয়ে যাবে। এই ধরনের তাপমাত্রার বৃদ্ধি ঘটেছিল আজ থেকে প্রায় ৩০ লক্ষ বছর আগে। ২০০৯ সালের ৬ই মে *টাইমস অফ ইন্ডিয়া* পত্রিকায় আন্তর্জাতিক বিজ্ঞান পত্রিকা ‘নেচার’-এর একটি খবর জানায় যে বিশ্ব উষ্ণায়নের প্রলয়ঙ্কারি বিপদকে

রুখতে গেলে ২০৫০ সালের মধ্যে পৃথিবীতে CO_2 ছাড়ার পরিমাণ ১৯০ গিগা টনে (1 গিগাটন = ১০০ কোটি টন) সীমিত রাখতে হবে। তার বেশি হলে তাপমাত্রা বৃদ্ধি ২ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যাবে। তাহলে বিপর্যয় ঘটবে। বিজ্ঞানীরা হিসেব করেছেন যে, যদি বৃহৎ শিল্পোন্নত দেশগুলো তাদের CO_2 ছাড়ার পরিমাণ ৮০% কমিয়ে দেয় তাহলেও বাতাসে CO_2-এর পরিমাণ ২১৬ থেকে ৩২৫ গিগাটনে দাঁড়াবে। আজও দেখছি পৃথিবীতে শক্তি উৎপাদন বছরে ২% করে বেড়ে যাচ্ছে। আর এই বৃদ্ধির বেশিরভাগটাই আসছে জীবাশ্ম জ্বালানি পুড়িয়ে। প্রতি বছর CO_2 ছাড়বার পরিমাণ বছরে ৩% করে বাড়ছে। আমরা যদি এইভাবে CO_2 ছাড়ি, তাহলে ২০২০ সালের মধ্যে ১৯০ গিগাটনে আমরা পৌঁছে যাব।

আরেকটি যে বিপদের আশঙ্কা বিজ্ঞানীরা করছেন তা হল তাপলবণীয় সংবহনের স্তীমিত হয়ে যাওয়া। আতলান্তিক মহাসাগরে গলফ্ স্ট্রিম নিরক্ষীয় অঞ্চলের গরম জল উত্তরে বয়ে নিয়ে যায়। যখন সেই স্রোত গ্রিনল্যান্ড ও আইসল্যান্ডের মধ্যে পৌঁছয় তখন যাওয়ার পথে সমুদ্রের জল বাষ্পায়িত হয় এবং জলের ঘনত্ব বেড়ে যায়। জল ঠাণ্ডা হয়ে সেকেন্ডে লক্ষ লক্ষ গ্যালন জল সমুদ্রের তলদেশে যায় এবং একটি কনভেয়ার বেল্টের মত ঠাণ্ডা জল নিরক্ষীয় অঞ্চলে বয়ে নিয়ে যায়। এইভাবে পৃথিবীর তাপমাত্রায় ভারসাম্য রক্ষিত হয়। এই সংবহন ১৯৮০-এর দশকে একটু শ্লথগতি হয়ে যায়। এই ঘটনা ঘটেছিল আজ থেকে প্রায় ১০৮০০ বছর আগে যখন পৃথিবীতে হিমযুগ নেমে এসেছিল। এছাড়া, সমুদ্রের উপরিতলে একটি খুব পাতলা চাদরের মত ক্ষুদ্র অনুজীবের (phytoplankton) একটি স্তর আছে যাকে নিউটসন (neuston) বলে। পৃথিবীর ৭০% অক্সিজেন তৈরি হয় সমুদ্রে। এই অনুজীব আবার অন্যান্য সামুদ্রিক প্রাণীর খাদ্য। বিশ্বতাপ বৃদ্ধির ফলে এই অনুজীব ক্ষতিগ্রস্ত হলে তার প্রভাব হবে সুদূরপ্রসারী।

বিশ্বতাপ ও জলবায়ু পরিবর্তনের ফলে সামুদ্রিক ঝড়-ঝঞ্ঝা, দাবদাহ এবং বন্যার সৃষ্টি হবে। ইউরোপে ২০০৩ সালের দাবদাহে ৩৫০০০ মানুষের মৃত্যু হয়। সম্প্রতি আমেরিকায় হারিকেন হারভি এবং ইরমা তাণ্ডব চালিয়ে গেছে। সারা পৃথিবী জুড়েই আমরা জলবায়ু পরিবর্তনের প্রভাব দেখতে পাচ্ছি। পৃথিবীর সমস্ত হিমবাহ গলে যাচ্ছে। হিমবাহ গলে গেলে নদীগুলো শুকিয়ে যাবে। সমুদ্রের জলতল উঁচু হয়ে নিচু দ্বীপ জলের তলায় চলে যাচ্ছে। এইভাবে বিশ্বতাপ বৃদ্ধি হতে থাকলে সমুদ্র তটবর্তী বহু শহর ও গ্রাম জলের তলায় তলিয়ে যাবে। ক্রান্তীয় অঞ্চলে রোগের প্রকোপ বেড়ে যাবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসেব অনুসারে ২০০০ সালের মধ্যেই ১৫০০০০জন মানুষ জলবায়ুর পরিবর্তনের ফলে মারা গেছে।

সমাজের অবক্ষয়

শিল্প বিপ্লব সম্পন্ন হওয়ার আগে উপনিবেশ স্থাপনের পর পৃথিবী 'Core' এবং 'periphery'-তে বিভক্ত হয়ে যায়। তৃতীয় বিশ্বকে শোষণ করে প্রথম বিশ্ব তাদের দেশকে সাজাল। চার্লস ডারউইন লিখছেন, "Wherever the Europeans have trod death seems to follow"। আমাদের 'periphery' কই? তাই আমরা আক্রমণ করছি সিঙ্গুর, নন্দীগ্রাম, নয়ামগিরি বা জগৎবল্লভপুর। স্বাধীনতার পর ৭০ বছরে ৬ কোটিরও বেশি মানুষ বাস্তুহারা হয়েছে উন্নয়নের ধাক্কায়। তৃতীয় বিশ্বের সমাজের দিকে চোখ ফেরাই। কি ছিল ভারতবর্ষ শিল্পবিপ্লবের ও উপনিবেশে পরিণত হওয়ার আগে? লর্ড ক্লাইভ ব্রিটিশ পার্লামেন্টে ভারতবর্ষ সম্বন্ধে বলছেন, "The paradise of the earth"। ফরাসি পরিব্রাজক Francis Bernier ১৬৬৫ সালের শেষে

ভারত ভ্রমণ করেন। তিনি লিখছেন, "The three or four sorts of vegetables which together with rice and butter from the chief food of the common peple, are purchased for the merest trifle." ১৯৪৭ সালে ব্রিটিশরা যখন ভারত ছাড়ল তখন ভারতকে ছিবড়ে করে দিয়ে গেল। ১৭৬০ সালে পৃথিবীতে যে শিল্প উৎপাদন হত তার ৭৩% হত ভারত ও চিনে। এমনকি ১৮২০ সালেও যখন শিল্প বিপ্লব প্রায় সম্পন্ন হচ্ছে তখনো ঐ দুই দেশের শিল্পোৎপাদন ছিল ৬০%। ১৭৬০ সালে ভারতের জাতীয় আয় ছিল সারা পৃথিবীর ২১%। ১৯৪৭ সালে তা হল মাত্র ২%। ১৯২০ সালে সবচেয়ে ধনী দেশ ও সবচেয়ে গরিব দেশের অর্থনৈতিক উৎপাদনের অনুপাত ছিল ৩০ : ১। ২০০০ সালে তা হল ১০০ : ১। আজ ভারতের ১% মানুষের সম্পদ ৫৮% মানুষের সম্পদের সমান। সারা বিশ্ব জুড়েই ধনী-দরিদ্রের আয়ের পার্থক্য বেড়ে যাচ্ছে। প্রসিদ্ধ অর্থনীতিবিদ টমাস পিকেটি তাঁর বিখ্যাত 'Capital in the 21st Century' গ্রন্থে ধনী-দরিদ্রের ফারাক কিরকম বেড়ে যাচ্ছে তার বর্ণনা দিয়েছেন। Jean Jacque Rousseau (১৭৭৫) লিখছেন, "A handful of men be glutted with superfluities while the starving myltitudes lack necessities."

কিন্তু, উন্নত দেশের অবস্থা কী? তারা কি খুব সুখে আছে? পৃথিবীর সবচেয়ে উন্নত দেশ নাকি আমেরিকা? সেই দেশের কথা একটু বলি। ১৯৩০ সালে শান্তিনিকেতনের বার্ষিক উৎসবে রবীন্দ্রনাথ বলছেন, “একটি কথা তোমাদের বলা দরকার—অনেকেই তোমরা হয়ত অনুভব করতে পারবে না কথাটি কতখানি সত্য। পশ্চিমের দেশ-বিদেশ হতে এত দুঃখ আজ প্রকাশ হয়ে পড়েছে ভিতর থেকে এরকম চিত্র যে আমি দেখব, মনে করিনি। তারা সুখে নেই। সেখানে বিপুল পরিমাণে আসবাবপত্র নানারকমের আয়োজন উপকরণের সৃষ্টি হয়েছে সন্দেহ নেই। কিন্তু গভীর অশান্তির ভাব তার এক প্রান্ত থেকে অপর প্রান্তে...। পশ্চিম দেশ যে সম্পদ সৃষ্টি করেছে সে অতি বিপুল প্রচণ্ড গতিসম্পন্ন যন্ত্রের যোগে। ধনের বাহন হয়েছে যন্ত্র, আবার সেই যন্ত্রের বাহন হয়েছে মানুষ। হাজার হাজার বহু শত সহস্র। তারপর যান্ত্রিক সম্পদ প্রতিষ্ঠার বেদিরূপে তারা বড় বড় শহর তৈরি করেছে। সে শহরের পেট ক্রমেই বেড়ে চলেছে, তার পরিধি অত্যন্ত বড় হয়ে উঠলো।... শহরে মানুষ কখনো ঘনিষ্ঠভাবে সম্বন্ধযুক্ত হতে পারে না। দূরে যাবার দরকার নেই—কলকাতা শহর যেখানে আমরা থাকি, জানি, প্রতিবেশীর সঙ্গে সেখানে প্রতিবেশীর সুখে দুখে আপদে বিপদে কোন সম্বন্ধ নেই।”

১৯৩৩ সালে লন্ডন থেকে রাণী মহালনবীশকে চিঠিতে লিখছেন রবীন্দ্রনাথ, “এমন সময়ে আমেরিকায় এসে চোখে পড়ল মানুষ কতই অনাবশ্যক ব্যর্থতায় সমাজকে ঝাঁঝরা করে তুলেছে, আবর্জনাকে ঐশ্বর্যের সাড়ম্বরে সাজিয়েছে, তার পেছনে দিবারাত্রি নিযুক্ত হয়ে আছে—পৃথিবীর বুকের উপর কি অভ্রভেদী বোঝা চাপিয়েছে।”

রবীন্দ্রনাথ মানুষে মানুষে বিচ্ছেদের (alienation) কথা বলছেন। আজকের ডিজিট্যাল পৃথিবীতে এই বিচ্ছেদ বিরাটভাবে সমাজকে গ্রাস করছে। টি. এস. এলিয়ট তাঁর এক কবিতায় বলছেন, "The desert is not only in the southern tropics / The desert is around the corner / The desert is squeezed in the tube train / The desert is in the heart of your neighbour."

পৃথিবীর সমস্ত রকম মিউজিয়ামের একটি প্রতিষ্ঠান আছে যার নাম International Council of Museums (ICOM)। প্রতি ৩ বছর অন্তর তার এক বিশ্ব সম্মেলন হয়। ১৯৮৯ সালে ঐ সম্মেলন

হয়েছিল হল্যান্ডের রাজধানী দেন হাগ শহরে। প্রায় ৩০০০ প্রতিনিধি। সম্মেলনে আমি উপস্থিত ছিলাম। ঐ সম্মেলনে আমেরিকার একজন চিন্তাবিদ নীল পোস্টম্যান মুখ্য বক্তব্য রাখেন। তাঁর বক্তৃতার কিছুটা তুলে দিচ্ছি। "what can EPCOT (EPCOT হচ্ছে আমেরিকার ফ্লোরিডায় ভবিষ্যতের বিজ্ঞান ও প্রযুক্তির এক বিরাট প্রদর্শনী) teach Americans or inspire us to think. We have already organized our society to accommodate every possible technological innovation. We have deliriously, willingly, mindlessly, ignored all consequences of our actions. And have, because technology requires it, turned our backs on religion, family, children, history and education. As a result of what we have done, American civilization is collapsing. Everyone knows this to be true but seems powerless in the face of it. Here is a partial account of our technological dream"; By 1995, 85% of our children will live in one parent homes. In our large cities, fewer than 50% of the students graduate from high school. This from the culture that invented the idea of education for the masses.... one-forth of our population—sixty million people—is illiterate. Every year forty million people change residences and several million have no residences at all, living in streets and subways. From 1950 to the present the incidence of violent crime has increased by 11000 percent. And two out of every ten Americans will spend some part of their lives in a mental institution."। আমেরিকান সমাজের এক ভয়ঙ্কর চিত্র আঁকেন পোস্টম্যান।

একদিকে সমাজের এই চেহারা, অন্যদিকে পৃথিবীর উচ্চবিত্ত মানুষকে ভোগবাদী জীবন গ্রাস করেছে। ২০০১ সালে UNDP এক রিপোর্টে কয়েকটি মাত্র ধনী দেশের কিছু অকিঞ্চিৎকর সব পদার্থের জন্য বছরে কত খরচ হয় তার একটা হিসেব দেয় :

ইউরোপে মদ	: $ ১০৫ বিলিয়ন
ইউরোপে সিগারেট	: $ ৫০ বিলিয়ন
পোষা কুকুরের জন্য খাদ্য ইউরোপ ও আমেরিকায়	: $ ১৭ বিলিয়ন
জাপানে ব্যবসার জন্য আমোদ-প্রমোদ	: $ ৩৫ বিলিয়ন
ইউরোপে আইসক্রিম	: $ ৪ বিলিয়ন
আমেরিকায় কসমেটিক	: $ ৪ বিলিয়ন
ইউরোপ ও আমেরিকায় সুগন্ধি (cosmetics)	: $ ১২ বিলিয়ন
সারা পৃথিবীতে মাদকদ্রব্য	: $ ৪০০ বিলিয়ন
সারা পৃথিবীতে মিলিটারি খরচ	: $ ৭৮০ বিলিয়ন

মোট $ ১৪১১ বিলিয়ন অর্থাৎ, ৭০৫৫০০০ কোটি টাকা।

অথচ, ঐ অর্থের সামান্য অংশ যদি মানুষের কাজে লাগানো যায় তাহলে আমরা পৃথিবীর সবাইকে প্রাথমিক শিক্ষা, জল ও স্যানিটেশন, সমস্ত নারীর মাতৃমঙ্গল ব্যবস্থা, সমস্ত মানুষের জন্য প্রাথমিক স্বাস্থ্য এবং স্যানিটেশনের বন্দোবস্ত করতে পারতাম। তা যদি হয় তাহলে পৃথিবীতে রকফেলার, দুপো, আম্বানি, আদানি আসবে কি করে? গত ২০ বছরে ভারতে ১০ থেকে ১২ কোটি লোক কর্মপোযুক্ত হয়েছে। কাজ পেয়েছে মাত্র ৩০ লক্ষ মানুষ। কিন্তু, ভারতের বিলিওনীয়ারদের সম্পদ বেড়েছে ১১২ গুন। উপরে যে হিসেব দেওয়া হল তা মাত্র কয়েকটি দেশের অবশ্য প্রয়োজনীয় নয় এমন সব

ভোগ্যপণ্যের খরচ। যদি পৃথিবীর সমস্ত দেশের ধনী ও মধ্যবিত্ত (ভারতের ২৫ কোটিরও বেশি) মানুষ যেসব অকিঞ্চিৎকর জিনিস ব্যবহার করে, যা জীবন ধারণের জন্য অপরিহার্য নয়, তার হিসেব নেওয়া হয় তাহলে ঐ খরচ আকাশচুম্বী হবে। ঐসব জিনিস তৈরি করতে প্রয়োজন হয় শক্তি, খনি ব্যবস্থা, রাস্তা, কাঠ, জল, যানবাহন ব্যবস্থা, কলকারখানা, আরও কত কী। এরই ফলে শেষ হয়ে যাচ্ছে অরণ্য, জমি, জল, জীববৈচিত্র্য, খনিজ পদার্থ, বায়ু এবং জমা হচ্ছে পর্বতপ্রমাণ বর্জ্য পদার্থ, যার মধ্যে একটা বড় অংশ ভয়ঙ্কর ক্ষতিকর। যেমন, পারমাণবিক বর্জ্য। আজ যদি তৃতীয় বিশ্বের, যেখানে বাস করে ৪৮০ কোটিরও বেশি মানুষ, পশ্চিমের এবং আমাদের দেশের ধনী ও উচ্চ মধ্যবিত্তের মত ভোগবাদী জীবন যাপন করে তাহলে কয়েক দশকের মধ্যেই পৃথিবী নিঃস্ব হয়ে যাবে যেমন বলেছিলেন রবীন্দ্রনাথ ও গান্ধীজী। রবীন্দ্রনাথ ১৯০৪ সালে লিখছেন, 'বিলাসের ফাঁস'। ১৯২৪ সালে চিন দেশে এক বক্তৃতায় বলছেন, "We have for over a century been dragged by the prosperous West behind its chariot choked by the dust, deafened by the noise, humbled by our helplessness and overwhelmed by the speed. We agreed to acknowledge that this chariot drive was progress and that progress is civilization. If we ever ventured to ask "progress for what and progress for whom" it was considered to be peculiarly & ridiculously oriental to entertain such doubts about the absoluteness of the progress. Of late, a voice has come who is bidding us to take count of not only the scientific perfection of the chariot but also of the depth of ditches lying across its path."

গান্ধীজী ১৯২৮ সালে সাবধানবাণী দিচ্ছেন, "God forbid India should ever take to industrilization in the manner of the West. A tiny island kingdom is today keeping the whole world in chain. If an entire nation of 300 million took to similar kind of economic exploitation then the whole world will be bare like locust." কী ঐ উপমা 'chariot', 'ditches' এবং 'bare like locust'?

বাস্তুতান্ত্রিক পায়ের ছাপ (Ecological Footprint বা EFP)

বাস্তুতন্ত্রে এক নতুন ধারণা এসেছে যাকে বলা হয় বাস্তুতান্ত্রিক পায়ের ছাপ। মানুষের সবরকম প্রয়োজনের জন্য কতোখানি জমি ও জলের জায়গার প্রয়োজন? বিজ্ঞানীরা হিসেব করেছেন যে যদি পৃথিবীকে তার ধারণ ক্ষমতার (carrying capacity) মধ্যে রাখতে হয় তাহলে পৃথিবীর সমস্ত মানুষকে গড়ে ১.৯ হেক্টার (হে) জমি ব্যবহার করতে হবে। তার বেশি নয়। অর্থাৎ, প্রায় ৪.৫ হে। এই হিসেব একজন ব্যক্তিকে, প্রতিষ্ঠান বা সরকারকে সাহায্য করে তার পরিকল্পনা ঠিক করতে যাতে পরিকল্পিত উন্নয়ন বাস্তুতন্ত্রের ভারসাম্য নষ্ট না করে। কিন্তু, উন্নত দেশের EFP কত? আমেরিকার মাথাপিছু ১০ হে, অস্ট্রেলিয়ার ৮ হে, ইউরোপের ৫ হে। কিন্তু জনবহুল তৃতীয় বিশ্বের ১.৪ বা ১.৫ হে। আজ যদি ভারত ও চিনের প্রায় ২৫০ কোটি মানুষ আমেরিকার মত EFP লাগায় তাহলে কয়েক দশকের মধ্যেই পৃথিবী মরুভূমি হয়ে যাবে যেমন বলেছিলেন রবীন্দ্রনাথ ও গান্ধীজী। তৃতীয় বিশ্ব যেখানে পৃথিবীর বেশিরভাগ মানুষ বাস করে তারা প্রকৃতির খুব কম সম্পদই ব্যবহার করে। তাই, আগে বলেছিলাম জনসংখ্যা বৃদ্ধি পৃথিবীর বর্তমান সংকটের প্রধান কারণ নয়।

পরিবেশের ধ্বংসের খরচ

১৯৯২ সালে বিশ্ব ব্যাংকের দুই বিজ্ঞানী ভারতবর্ষের পরিবেশের ধ্বংসের খরচ বার করেন। তাঁরা দেখান যে তা বছরে ৩৪০০০ কোটি টাকা যা হচ্ছে সেই ভারতের জি ডি পি-র ৪.৫%। এই রিপোর্ট যখন বেরোয় তখন দিল্লির Center for Science & Environment (CSE) যারা *Down to Earth* ম্যাগাজিন প্রকাশ করে, ঐ রিপোর্টের ওপর কাজ করে দেখে যে ঐ রিপোর্টে অনেক কিছু ধ্বংসের খরচ ধরা হয়নি। সেগুলি হিসেব করে CSE জানায় যে, ভারতের পরিবেশের ধ্বংসের খরচ হচ্ছে ৫০ থেকে ৭০ হাজার কোটি টাকা, যা সে সময়ের জি ডি পি-এর ৭ থেকে ৯%। অর্থাৎ আমরা যদি জি ডি পি-তে ৪ থেকে ৫% উঠি তাহলে পরিবেশের ধ্বংসের খরচে ৭ থেকে ৯% নেমে যাব। অর্থাৎ, ভারতের অবউন্নয়ন হচ্ছে। প্রকৃতি ও সমাজে এর প্রতিক্রিয়া আজ আমরা সেরকম বুঝতে পারব না। পারবে ভবিষ্যৎ বংশধর। তাদের বাঁচার অধিকার কেড়ে নিচ্ছে বর্তমানের মুষ্টিমেয় ধনী ও উচ্চ মধ্যবিত্ত তাদের আগ্রাসী ভোগবাদী জীবন যাপনের জন্য।

ঐতিহাসিক পরিপ্রেক্ষিত

পৃথিবীর এই দশা কেন হল তা বুঝতে গেলে একটু সমাজের ইতিহাস আলোচনা করতে হবে। ইতিহাসে তিনটি ঘটনা পৃথিবীকে একেবারে পাল্টে দিল। তারা হল : বৈজ্ঞানিক বিপ্লব, ভৌগোলিক আবিষ্কার এবং ইউরোপে নবজাগরণ। বৈজ্ঞানিক বিপ্লবের জন্মদাতা বলতে গেলে চারজনের নাম করতে হয়। তাঁরা হলেন : ফ্রান্সিস বেকন, গ্যালিলিও গ্যলিলাই, রনে দেকারত এবং আইজাক নিউটন। বেকন ও দেকারত বৈজ্ঞানিক পদ্ধতির জন্মদাতা। দু'জনেই প্রকৃতির প্রভু হওয়ার কথা বলছেন। দেকারত তাঁর 'Discourse on Method' গ্রন্থে বলছেন, "We can have useful knowledge by shich, cognizant of the force and action of fire, water, air, the stars, the heavens and all other bodies that surround us—knowing them as distinctly as we know the various crafts of the aritisan–we may be able to apply them in the same fashion to every use to which they are suited, and thus make ourselves masters and possessors of nature." এই যে প্রকৃতির প্রভু হওয়ার ভাবনা তা আমরা দেখতে পাই Judeo-Christian বিশ্বদৃষ্টিতে। বাইবেলের বুক অফ জেনেসিস বলছে, "God said unto them, be fruitful and multiply, and replenish the earth and subdue it and have command over the fish of the sea and over the foul of the air, and over everything that move the earth." দেকারত বলছেন যে কোন কিছুকে জানতে হলে তাকে ছোটো ছোটো অংশে ভেঙে নিতে হবে। এই খণ্ডদৃষ্টিকে ইংরেজিতে বলা হয় reductionist epistemology। বিজ্ঞান করতে হলে এভাবেই করতে হয়। কিন্তু, এই পদ্ধতি এক খণ্ড দৃশ্যটির জন্ম দিচ্ছে। এই পদ্ধতিতে অনেক সময় আমরা সমগ্রকে ভুলে যাই। এই কারণেই আজ প্রকৃতি ও সমাজ ভেঙে পড়ছে। দার্শনিক Friedrich Engels তাঁর Anti Duhring গ্রন্থে এই ভেঙে ভেঙে দেখার বিরুদ্ধে সাবধানবাণী দিচ্ছেন, "The analysis of nature into its constituent parts were the fundamental condition for the gigantic strides made in our knowledge of nature during the last 400 years. But the method of investigation has left us a legacy of the habit of observing natural

objects and natural processes in their isolation detached from vast interconnection of things." মানুষ এঙ্গেলস বা পাস্কালের সাবধানবাণীতে কান দেয়নি। আমাদের দেশে রবীন্দ্রনাথ ও গান্ধীজীও মানুষকে সাবধান করেছিলেন।

পঞ্চদশ শতাব্দীতে শুরু হল পশ্চিমী দেশগুলোর নতুন নতুন দেশ আবিস্কারে যাত্রা। কলম্বাস এই যাত্রার উদ্দেশ্য খুব সুন্দর করে ব্যক্ত করছেন, "Gold is the most precious of the objects in the world, as also the means of rescuing their souls from purgatory and restoring them to the enjoyment of paradise." তারা যেখানে যেখানে গেল সেখানে তাদের ঈশ্বরকে নিয়ে গেল আর ফিরে এল সোনা নিয়ে। ১৯৩৩ সালে রবীন্দ্রনাথ ইউরোপীও অত্যাচার সম্বন্ধে 'কালান্তর' প্রবন্ধে লিখছেন, "ইউরোপীয় সভ্যজাতি নবাবিস্কৃত আমেরিকায় স্বর্ণপিণ্ডের লোভে ছলে বলে বিধ্বস্ত করে দিয়েছে 'মায়া' জাতির অপূর্ব সভ্যতাকে। মধ্যযুগে অসভ্য তাতার শাসিত দেশে নরমুণ্ডের স্তূপ উঁচু করে তুলেছিল। তার বেদনা অনতিকাল পরে লুপ্ত হয়েছে। সভ্য ইউরোপ (আমার মন্তব্য : রবীন্দ্রনাথ আজ বেঁচে থাকলে সভ্য বলতেন কিনা সন্দেহ আছে) চিনের মত এত বড় দেশকে জোর করে যে বিষ গিলিয়েছে তাতে চিরকালের মত তার মজ্জা জর্জরিত হয়ে গেল। একদিন তরুণ পারসিকের দল দীর্ঘকালের অসারতার জাল থেকে পারস্যকে উদ্ধার করার জন্য যখন প্রাণপণ করে দাঁড়িয়েছিল, তখন সভ্য ইউরোপ কীরকম করে দুই হাতে তার টুঁটি টিপে ধরেছিল, সেই অমার্জনীয় শোকাবহ ব্যাপার জানা যায় পারস্যের তদানীন্তন পরাহত আমেরিকার রাজস্ব সচিব সুস্টারের 'Standing of Persia' বইখানি পড়লে। ওদিকে আফ্রিকার কঙ্গো প্রদেশে ইউরোপীয় শাসন কীরকম অকথ্য বিভীষিকায় পরিণত হয়েছিল তা সকলেরই জানা। আজও আমেরিকান যুক্তরাষ্ট্রে নিগ্রোজাতি সামাজিক অসম্মানে লাঞ্ছিত এবং সেই জাতীয় কোনো হতভাগ্যকে যখন জীবিত অবস্থায় দাহ করা হয়, তখন শ্বেতচর্মী নরনারীরা সেই পাশব দৃশ্য উপভোগ করিবার জন্য ভিড় করে আসে।" আজটেক, ইনকা এবং মায়া সভ্যতা ধংস করল। ১৪৯৩ থেকে ১৪৯৮ সালের মধ্যে কলম্বাস ও তার সাথীরা তিন লক্ষ স্থানীয় মানুষকে হত্যা করল। ১৪৯২ থেকে ১৫৩৮ সালের মধ্যে হাইতি ও ডোমিনিকান রিপাবলিকের অধিবাসীদের সংখ্যা স্প্যানীয়রা আড়াই লক্ষ থেকে ৫০০তে নামিয়ে আনল। ড্যানিয়েল ডেঁফো স্প্যানিয়ারডদের সম্বন্ধে লিখছেন, "They destroyed millions of their people, ... A mere butchery and an unnatural piece of cruelty unjustifiable either to God or man; as for which the very name of a Spaniard is reckoned to be frightful and terrible to all peple of humanity or to Christian compassion."

পৃথিবী 'Core' ও 'Periphery'-তে ভাগ হয়ে গেল। Periphery-কে লুঠ ও হত্যা করে Core দেশ তাদের দেশকে সাজাল। রবীন্দ্রনাথ বলছেন, "পোহালে শর্বরী বনিকের মানদণ্ড দেখা দিল রাজদণ্ড রূপে"। সেই লুঠ আজও বিশ্বায়নের মধ্যে দিয়ে চলেছে। তৃতীয় বিশ্বে নানারকমের সাহায্য আসে প্রথম বিশ্ব থেকে। যার মধ্যে প্রথম বিশ্ব থেকে তৃতীয় বিশ্বের কর্মপোযুক্ত মানুষের ডলারও আছে। সেই অর্থের পরিমাণ মোট ১.৩ ট্রিলিয়ন ডলার। আর, তৃতীয় বিশ্ব থেকে বছরে বেরিয়ে যাচ্ছে ৩.৩ ট্রিলিয়ন ডলার। অর্থাৎ, প্রতি বছর ২ কোটি ডলার। ভারত থেকে প্রতি বছর উন্নত দেশে চলে যাচ্ছে ৩০০০০ কোটির মত টাকা প্রসাধন দ্রব্য, খাবার-দাবার, চা, কোকাকোলা-পেপসিকোলার মত পানীয় দ্রব্যের ওপর পেটেন্টের মাধ্যমে।

শিল্প বিপ্লব সম্পন্ন প্রায় ১৭৬০ থেকে ১৮৩০ সালের মধ্যে। মনে রাখতে হবে পলাশীর যুদ্ধ ১৭৫৭। ইংলিশ শিল্প-ঐতিহাসিক ডব্লিউ কানিংহাম লিখছেন, "The introduction of expensive implements and processes involved a large outlay. It is not worthwhile for any man however energetic to make the attempts unless he has considerable command over capital and had access to large market."

ভোগ্যপণ্য উৎপন্ন করতে হলে পুঁজি ও বাজার চাই। উপনিবেশ স্থাপনের পর এই দুটোই সম্ভব হল। গান্ধীজী সাবধানবাণী দিচ্ছেন, "industrialism will be a curse for mankind. Exploitation of one nation by another cannot go on all the time. Industrialism depends entirely on your capacity to exploit foreign markets being open to and absence of competition. .... India, when it begins to exploit other nations as it must, if it becomes industrialized, will be a curse to mankind." আজ ভারতীয় শিল্পপতিরা আফ্রিকা-অস্ট্রেলিয়ায় জমি কিনছে সেখানকার প্রাকৃতিক সম্পদ লুঠ করার জন্য।

উন্নত দেশ periphery-কে শোষণ করে তাদের দেশ সাজাল। আমাদের সেই periphery কই? তাই আমরা আক্রমণ করছি সিঙ্গুর, নন্দীগ্রাম, নিয়ামগিরি, জগতসিংপুরের আদিবাসী, তপশীলী জাতি-উপজাতি, কৃষক ও গরিব মানুষদের। তাদের উচ্ছেদ করছি তাদের বাসভূমি থেকে। গুজরাটে সর্দার সরোবর বাঁধ প্রকল্পে সম্প্রতি প্রায় আড়াই লক্ষ মানুষ বাস্তুহারা হবে। স্বাধীনতার ৭০ বছরে ৬ কোটিরও বেশি মানুষ বাস্তুচ্যুত হয়েছে উন্নয়নের যূপকাষ্ঠে।

আঠেরো শতাব্দীর মধ্যে উপনিবেশ স্থাপনের মধ্য দিয়ে পুঁজি ও বাজার ইউরোপীয় বুর্জোয়াদের হাতে এসে গেল এবং ইংল্যান্ডে শিল্প বিপ্লব সম্পন্ন হল। বিজ্ঞান ও প্রযুক্তির প্রসার ঘটতে শুরু করল। উৎপাদন বাড়তে শুরু করল প্রকৃতির শোষণ করে। ১৯১৭ সালে সোভিয়েত বিপ্লব সম্পন্ন হল। পুঁজিবাদ ও সমাজবাদ দু'রকমের বিশ্ব ব্যবস্থার সৃষ্টি হল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর প্রযুক্তির নতুন নতুন উদ্ভাবন হতে লাগলো—পারমাণবিক শক্তি, রকেট, মহাকাশযান, নূতন নূতন যুদ্ধাস্ত্র ইত্যাদি। ধীরে ধীরে আগ্রাসী ভোগবাদ ধনী ও মধ্যবিত্ত সমাজকে গ্রাস করতে শুরু করল। সেই বাড়াটা কিরকম তার একটা হিসেব দিচ্ছি। শিল্পবিপ্লবের মধ্যভাগে, ১৮০০ সাল যখন একজন আমেরিকান বাজারে যেত সে ৩০০ রকমের জিনিস কেনাকাটির সুযোগ পেত প্রায় ১৫০০ বঃফুঃ বাজারে। আর, ২০০০ সালে যখন একজন আমেরিকান, এক লক্ষ লোক বাস করে এমন এক শহরে, বাজারে যায় সে ৩০০-এর জায়গায় ১০০০০০০ রকমের জিনিস কেনাকাটির সুযোগ পায় এক কোটি পঞ্চাশ লক্ষ বঃফুঃ বাজারে। সারা পৃথিবী জুড়েই ভোগবাদ বাড়ছে। মার্ক টোয়েন লিখছেন, "Civilization is a limitless multiplication of unnecessary necessities." রবীন্দ্রনাথ লিখছেন, "না রে না হবে না তোর স্বর্গ সাধন যতই করিস সুখের সাধন"।

রাশিয়ায় সমাজবাদী বিপ্লবের পর এক নতুন স্বপ্ন পৃথিবীর মানুষের কাছে এসেছিল। কিন্তু, ৭০ বছর পর তা ধ্বসে পড়লো। মাও সে তুঙের চিনও পুঁজিবাদের পথ নিল। আমি সোভিয়েত ইউনিয়ন ও চিনে গেছি। আমি দেখেছি কি বিরাট পরিবর্তন ঘটেছে সেই দুই দেশে। কিন্তু, কার্ল মার্ক্স পুঁজিবাদের অভ্যন্তরীণ দ্বন্দ্বের ফলে যে সমাজবাদী সমাজের জন্মের কথা বলছেন তাতেও ক্রমাগত উৎপাদন ক্ষমতার বৃদ্ধির কথা বলছেন। 'কম্যুনিস্ট ম্যানিফেস্টো'তে মার্ক্স বলছেন, "The proletariat will use its political supremacy to wrest,

